

💵 মুমিনের দু'আ

বিভাগ/অধ্যায়ঃ দু'আসমূহ রচয়িতা/সঙ্কলকঃ ডা. মুহাম্মদ আব্বকর সিদ্দিক (সংকলক)

দুঃখ ও দুশ্চিন্তার সময় পড়ার দু'আ

ٱللّٰهُمَّ إِنِّي عَبْدُكَ، ابْنُ عَبْدِكَ، ابْنُ أَمَتِكَ، نَاصِيَتِي بِيَدِكَ، مَاضٍ فِيَّ حُكْمُكَ، عَدْلٌ فِيَّ قَضَاؤُكَ، أَسْأَلُكَ بِكُــلِّ اسْمٍ هُوَ لَكَ، سَمَّيْتَ بِهِ نَفْسَكَ، أَقْ أَنْزَلْتَهُ فِي كِتَابِكَ، أَقْ عَلَّمْتَهُ أَحَداً مِنْ خَلْقِكَ، أَوِ اسْتَأْثَرْتَ بِهِ فِي عِلْمِ الغَيْبِ عِنْدَكَ، أَنْ تَجْعَلَ القُرْآنَ رَبِيعَ قَلْبِي، وَنُورَ صَدْرِي، وَجَلاَءَ حُزْنِي، وَذَهَابَ هَمِّي

'হে আল্লাহ, আমি আপনার বান্দা, আপনারই এক বান্দার পুত্র এবং আপনার এক বাঁদীর পুত্র। আমার কপাল (নিয়ন্ত্রণ) আপনার হাতে, আমার ওপর আপনার নির্দেশ কার্যকর, আমার ব্যাপারে আপনার ফয়সালা ন্যায়পূর্ণ। আমি আপনার কাছে প্রার্থনা করি আপনার প্রতিটি নামের অসীলায়, যে নাম আপনি নিজের জন্য নিজে রেখেছেন অথবা আপনার কিতাবে আপনি নাযিল করেছেন অথবা আপনার সৃষ্টজীবের কাউকে শিখিয়েছেন অথবা নিজ গায়েবী জ্ঞানে নিজের জন্য সংরক্ষণ করে রেখেছেন, আপনি কুরআনকে বানিয়ে দিন আমার হৃদয়ের প্রশান্তি, আমার বক্ষের জ্যোতি, আমার দুঃখের অপসারণকারী এবং দুশ্চিন্তা দূরকারী' (মুসনাদে আহ্মাদ, হা/৩৭১২)।

اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنَ الْهَمِّ وَالْحَزَنِ، وَالْعَجْزِ وَالْكَسَلِ، وَالْبُخْلِ وَالْجُبْنِ، وَضَلَعِ الدِّيْنِ وَغَلَبَةِ الرِّجَالِ
'হে আল্লাহ, নিশ্চয়ই আমি আপনার আশ্রয় চাচ্ছি দুশ্ভিতা ও দুঃখ থেকে, অপারগতা ও অলসতা থেকে, কৃপণতা ও
ভীক্তা থেকে, ঋণের ভার ও মানুষদের দমন-পীড়ন থেকে' (বুখারী, হা/২৮৯৩)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=15011

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন